পরিশিষ্ট- ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

এবং

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সুচিপত্র


| | |
|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৩ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৪ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৭ |

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Departement of Disaster Management)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্বাবধানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর দেশের জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি মোকাবেলা ও সামাজিক নিরাপত্তামূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। দুর্যোগজনিত কার্যক্রম পরিচালনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। ইতোপূর্বে প্রণীত ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০১১ এর আলোকে গত ৩ বছরে মোট ২৪০টি আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলিতে (এসওডি) ঝুঁকিহ্রাসমূলক কর্মসূচি, জরুরি মানবিক সহায়তা, অগ্নিকান্ড, ভূমিকম্প ও সুনামি অধ্যায় সংযোজন করে বাংলায় প্রকাশ করা হয়েছে। আইভিআর প্রযুক্তি আরও উন্নয়নের মাধ্যমে যে কোন মোবাইল ফোনে ১০৯৪১/১০৯০ নম্বরে ডায়াল করে হালনাগাদ দুর্যোগের পূর্বাভাস ও আবহাওয়া বার্তা জানানোর ব্যবস্থা গ্রহণ এবং গ্রামীণ ফোন ও টেলিটক থেকে এ সেবা টোল ফ্রি করা হয়েছে। অতি দরিদ্রদের কর্মসূচির আওতায় গত তিন বছরে প্রায় ২২.০০ লক্ষ হতদরিদ্র গ্রামীণ কর্মহীন মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বছরে দুই মৌসুমে ৪০ দিন করে মোট ৮০ দিনের কর্মসংস্থান নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে, যার এক তৃতীয়াংশ মহিলা। যে কোন দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণের জন্য Damage and Need Assessment (DNA) Cell এবং যে কোন আপদের ঝুঁকি ও বিপদাপন্নতা নিরূপণে Multi-Hazard Risk Vulnerability Assessment (MRVA) Modeling & Mapping Cell প্রতিষ্ঠা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, বন্যা, খরা, নদী ভাঙ্গন, জলোচ্ছ্বাস, অগ্নিকান্ড ও ভূমিধ্বস সহ বিভিন্ন প্রাকৃতিক এবং নতুন নতুন দুর্যোগের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে বিশেষ করে দরিদ্র মানুষের দুর্ভোগ বাড়ছে। দুর্যোগের ঝুঁকিহ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী সাড়াদান দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করে। এক্ষেত্রে চ্যালেঞ্জ হল বিভিন্ন আপদের ফলে সৃষ্ট দুর্যোগে জনগণের করণীয় বিষয়ে সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলায় কলা-কৌশল রপ্ত করা, গবেষণা ও প্রযুক্তির যথার্থ ব্যবহার এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত সার্বিক পরিকল্পনা। আরেকটি সমস্যা হল বিভিন্ন সংস্থার সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির সমন্বয়হীনতা। তাছাড়া আন্তর্জাতিক সহযোগিতা এবং দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন দেশের অভিজ্ঞতা বিনিময় একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০১০-১৫ এর ময়োদ ২০১৫ সালে অতিক্রান্ত হয়েছে বিধায় ২০১৬-২০২০ মেয়াদের জন্য একটি নতুন পরিকল্পনা প্রণয়ন করা হবে। দুর্যোগ কবলিত মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং গ্রামীণ অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হবে। এছাড়া, দুর্যোগ কবলিত জনগণের ঝুঁকিহ্রাসকল্পে উপকূলীয় এলাকায় আরও ২২০টি সাইক্লোন শেল্টার এবং বন্যা কবলিত এলাকায় ১৫৬টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। জনগণকে সচেতন করার জন্য সারাদেশে দুর্যোগ মহড়া ও প্রশিক্ষণ অব্যাহত রাখা হবে। DNA Cell এর মাধ্যমে যে কোন দুর্যোগে ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ অনলাইনে সম্পন্ন করা হবে। MRVA Cell এর মাধ্যমে যে কোন উন্নয়ন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন আপদের ঝুঁকি মানচিত্র ব্যবহারে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করা হবে।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউট-এর সাংগঠনিক কাঠামোর খসড়া চূড়ান্তকরণ;
- ৭.৫০ লক্ষ অতি দরিদ্রদের কর্মসংস্থান সৃষ্টি;
- নতুন বহুমুখি ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ;
- ভূমিকম্প এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ;
- দুর্যোগ স্বেচ্ছাস্বেকদের প্রস্তুতকৃত ডাটাবেজ হালনাগাদকরণ;
- দুর্যোগ পরবর্তী ধ্বংসস্তুপ ব্যবস্থাপনা পরিকল্পনা চূড়ান্তকরণ;
- ক্ষুদ্র ও মাঝারি আকারের ৩২ হাজার মিটার ব্রিজ/কালভাট নির্মাণ;
- অনলাইনে দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ;
- বিভিন্ন আপদের ঝুঁকি মানচিত্র ব্যবহারে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করণ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

এবং

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

প্রাকৃতিক, জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাব বিপদাপন্ন জনগাষ্ঠীর সহনীয় পর্যায়ে কমিয়ে এনে দারিদ্র হ্রাস।

### ১.২ অভিলক্ষ (Mission)

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠির ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন;
২. ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস;
৩. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ;
৪. জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ এবং দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন এবং
৫. আঞ্চলিক ও বিশ্বব্যাপী নেটওয়ার্ক জোরদারকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধিতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দুর্যোগের সময় ঝুঁকি কমানোর লক্ষ্যে জনসাধারণ, সরকারি কর্মচারী এবং বিভিন্ন পেশার লোকদের সচেতন করতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা।
২. বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় কর্তৃপক্ষ, প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনজিওর সহযোগিতায় সরকারি কর্মকর্তা/কর্মচারী, নির্বাচিত জনপ্রতিনিধি এবং অন্যদের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ দেয়া।
৩. এনজিওদের দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের সমন্বয় করা।
৪. আবহাওয়া সতর্ক সংকেত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান নিশ্চিত করা।
৫. কাজের বিনিময়ে খাদ্য (গ্রামীণ অবকাঠামো সংস্কার) কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেষ্ট রিলিফ), ভিজিএফ, জিআর এবং এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মানবিক সহায়তা প্রদান;
৬. অতি দরিদ্রদের ঝুঁকিহ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মাভাবকালে (Lean Period) কর্মসংস্থান নিশ্চিত করা;
৭. বৈদেশিক সূত্র হতে প্রাপ্ত খাদ্য ও অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;
৮. দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে ক্ষুদ্র ব্রিজ/কালভার্ট এবং বহুমুখী ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ও মেরামত;
৯. জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সম্পৃক্ত অভিযোজন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন;
১০. দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্রে মানুষ ও গবাদি পশুর যাতায়াতে সহায়তার জন্য ব্রিজ/কালভার্ট নির্মাণ।

## সেকশন ২

### দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচক সমূহ | একক | ভিত্তিবছর ২০১৪-১৫ | প্রকৃত* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৭.০ | ৭.৪ | ৭.৫ | ৭.৬ | ৭.৭ | | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| দুর্যোগ কবলিত জনগণের ঝুঁকিহ্রাস | আশ্রয়কেন্দ্রের ধারণক্ষমতা | হাজার বর্গ মিটার | ৬৬.০ | ৪০.০ | ৫২.০ | ৪০.০ | ৪০.০ | স্থানীয় সরকার বিভাগ/শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| দুর্যোগ আক্রান্তদের খাদ্য নিরাপত্তা | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২১০.০ | ২৫০.০ | ২৫৫.০ | ২৬০.০ | ২৬৫.০ | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তিবছর ২০১৪-১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস; | ৪০ | [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিখা) | [১.১.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৩.০০ | ১২.০০ | ১২.৪০ | ১৩.০০ | ১২.৮০ | ১২.৭০ | ১২.৬০ | ১২.৫০ | ১৩.১০ | ১৩.২০ |
| | | [১.২] গ্রামীণ অবকাঠামো সমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [১.২.১] উপকারভোগী | (লক্ষ জনে) | ৩.০০ | ১৩.৫০ | ১৩.৯০ | ১৪.২৫ | ১৪.২০ | ১৪.১৫ | ১৪.১০ | ১৪.০৫ | ১৪.৩৫ | ১৪.৪০ |
| | | [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভোগী | (লক্ষ জনে) | ৩.০০ | ২১০ | ২৫০ | ২৬০ | ২৫৮ | ২৫৬ | ২৫৪ | ২৫২ | ২৭০ | ২৭৫ |
| | | [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভোগী | (লক্ষ জনে) | ৫.০০ | ৭.০০ | ৭.৪০ | ৭.৫০ | ৭.৪৮ | ৭.৪৬ | ৭.৪৪ | ৭.৪২ | ৭.৬০ | ৭.৬৫ |
| | | [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভোগী | (লক্ষ জনে) | ৩.০০ | ৩০.০০ | ৩৪.০০ | ৩৫.০০ | ৩৪.৮০ | ৩৪.৬০ | ৩৪.৪০ | ৩৪.২০ | ৩৬.০০ | ৩৭.০০ |
| | | [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/ কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | হাজার মিটার | ৬.০০ | ১১.৫০ | ৯.৫০ | ৩২.০০ | ৩০.০০ | ২৮.০০ | ২৬.০০ | ২৪.০০ | ৩৫.০০ | ৩০.০০ |
| | | [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | হাজার বর্গমিটার | ৪.০০ | ৬৬.০০ | ৪০.০০ | ৬৫.০০ | ৬০.০০ | ৫৫.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ১০৯.০০ | ১২৫.০০ |
| | | [১.৮] ভূমিকম্প সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রমের জন্য যন্ত্রপাতি সংগ্রহ | [১.৮.১] সংগৃহীত যন্ত্রপাতি | সংখ্যা | ৫.০০ | | ২৭ | ৩০ | ২৯ | ২৮ | ২৭ | ২৬ | | |
| | | [১.৯] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [১.৯.১] সোলার প্যানেল | সংখ্যা | ৪.০০ | ৪৮৫০ | ৭০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৫০০ | ৬৪০০ | ৮০০০ | ৮৫০০ |
| | | [১.১০] উপকূলীয় এলাকায় স্থাপিত ৩০টি মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের মাধ্যমে বিশুদ্ধ পানি সরবারহ | [১.১০.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ পরিবার) | ৪.০০ | | | ৫.০০ | ৪.৮ | ৪.৬ | ৪.৪ | ৪.২ | ৬.০০ | ৭.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তিবছর ২০১৪-১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [২] প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ; | ২০ | [২.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের প্রস্তুতকৃত ডাটাবেজ হালনাগাদকরণ | [২.১.১] হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ৩০-০৪-২০১৭ | ১৫-০৫-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ১৫-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [২.২.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ২৯-১২-২০১৬ | ১৫-০১-২০১৭ | ৩১-০১-২০১৭ | ১৫-০২-২০১৭ | ২৮-০২-২০১৭ | | |
| | | [২.৩] সাইক্লোন শেল্টার ডাটাবেজ হালনাগাদকরণ | [২.৩.১] হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ১৫-১২-২০১৬ | ১৫-০১-২০১৭ | ১৫-০২-২০১৭ | ১৫-০৩-২০১৭ | ১৬-০৪-২০১৭ | | |
| | | [২.৪] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর জন্য এসএনএসপি এমআইএস প্রস্তুতি | [২.৪.১] প্রস্তুতকৃত | তারিখ | ৫.০০ | | | ০১-০৬-২০১৭ | ০৮-০৬-২০১৭ | ১৫-০৬-২০১৭ | ২২-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| [৩] জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ এবং দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন এবং | ১৫ | [৩.১] জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৩.১.১] প্রণীত পরিকল্পনা | ডকুমেন্টের সংখ্যা | ৪.০০ | ১ | ৫ | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [৩.২] অনলাইনে দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ | [৩.২.১] চাহিদা নিরূপিত | সংখ্যা | ৪.০০ | | ১৩ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৮ | ২০ |
| | | [৩.৩] মাল্টি হ্যাজার্ড রিস্ক এ্যান্ড ভালনারেবিলিটি এসেসমেন্ট | [৩.৩.১] এসেসমেন্ট রিপোর্ট | তারিখ | ৪.০০ | | | ৩০-০৪-২০১৭ | ১৫-০৫-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ১৫-০৬-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [৩.৪] জেলার শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৩.৪.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ৩.০০ | ৬৪ | ৬৪ | ৭০ | ৬৮ | ৬৬ | ৬৪ | ৬২ | ৮০ | ৮৫ |
| [৪] দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন | ৫ | [৪.১] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৫.০০ | ২২০ | ৩০০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩২০ | ৩১০ | ৪০০ | ৪৫০ |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/ বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন। | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়েলেটসহ অপেক্ষাগার (Waiting Room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়েলেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৯/০৬/২০২৬

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ

২৯/০৬/২০২৬

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইভিআর | ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স |
| ২ | এসএমএস | শর্ট মেসেজ সার্ভিস |
| ৩ | এনইওসি | ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার |
| ৪ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৫ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৬ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৭ | এনডিএমআইএস | ন্যাশনাল ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম |
| ৮ | এনডিআরসিসি | ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কোর্ডিনেশন সেন্টার |
| ৯ | এমআরভিএ | মাল্টিহ্যাজার্ড রিস্ক ভালনারেবিলিটি এসেমেন্ট |
| ১০ | ডিএনএ | ড্যামেজ এন্ড নীড এ্যাসেসমেন্ট |
| ১১ | সিপিপি | সাইক্লোন প্রিপায়ের্ডনেস প্রোগ্রাম |
| ১২ | এসওডি | ষ্ট্যান্ডিং অর্ডারস অন ডিজাষ্টারস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিখা) | [১.১.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.২] গ্রামীণ অবকাঠামো সমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [১.২.১] উপকারভাগী | শহর/গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো রক্ষণাবেক্ষণে এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভাগী | দুর্যোগকালে ও দুর্যোগের অব্যবহিত পরে দুর্দশাগ্রস্ত ও অস্বচ্ছল ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানসমূহে এবং স্বাভাবিক অবস্থায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবারসমূহের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে এ কর্মসূচি গৃহীত হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভাগী | গ্রামীণ এলাকায় অতিদরিদ্রদের কর্মহীন সময়ে বছরে ৪০ দিন করে দু'পর্যায়ে ৮০ দিনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভাগী | দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার অথবা দুর্যোগে/দুর্ঘটনায় আহত/নিহত ব্যক্তির অস্বচ্ছল পরিবারকে তাৎক্ষণিকভাবে নগদ সাহায্য প্রদান। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/ কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | গ্রামীণ এলাকায় জলাবদ্ধতা দুরীকরণের মাধ্যমে দুর্যোগ ঝুঁকিহ্রাস করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | গ্রামীণ এলাকায় ঘূর্ণিঝড় উপদ্রুত নাগরিকদের এবং বন্যাপ্রবণ এলাকায় দুর্গত মানুষের ঝুঁকিহ্রাসের জন্য এ ধরনের আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৮] ভূমিকম্প সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার কার্যক্রমের জন্য যন্ত্রপাতি সংগ্রহ | [১.৮.১] সংগৃহীত যন্ত্রপাতি | ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগে উদ্ধার কার্যক্রম ও দুর্যোগের ক্ষয়ক্ষতি কমানোর জন্য যন্ত্রপাতি সংগ্রহ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৯] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [১.৯.১] সোলার প্যানেল | বিদ্যুত ও নবায়ন যোগ্য জ্বালানীর চাহিদা পূরণ করে গ্রামীণ এলাকায় জনগণের জীবনমান উন্নয়নে সোলার প্যানেল স্থাপন করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১০] উপকূলীয় এলাকায় স্থাপিত ৩০টি মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের মাধ্যমে বিশুদ্ধ পানি সরবারহ | [১.১০.১] উপকারভোগী | উপকূলীয় এলাকায় দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী সময়ে লবণাক্ত পানির পরিবর্তে নিরাপদ লবণাক্ততামুক্ত পানি সরবরাহ নিশ্চিত করার জন্য। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] দুর্যোগ স্বেচ্ছাসেবকদের প্রস্তুতকৃত ডাটাবেজ হালনাগাদকরণ | [২.১.১] হালনাগাদকৃত | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধারকাজ পরিচালনার জন্য প্রস্তুতকৃত স্বেচ্ছাসেবকদের ডাটাবেজ হালনাগাদ করে ব্যবহার উপযোগী করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [২.২.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | দুর্যোগ সংক্রান্ত তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইট হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] সাইক্লোন শেল্টার ডাটাবেজ হালনাগাদকরণ | [২.৩.১] হালনাগাদকৃত | দুর্যোগকালীন আশ্রয় গ্রহণে সহায়তার জন্য প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের সাথে নতুন প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের তালিকা অন্তর্ভূক্ত করার জন্য ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৪] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর জন্য এসএনএসপি এমআইএস প্রস্তুতি | [২.৪.১] প্রস্তুতকৃত | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির সঠিক হিসাব রক্ষণের জন্য এসএনএসপি এমআইএস প্রস্তুত প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণয়ন | [৩.১.১] প্রণীত পরিকল্পনা | বন্যা, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন ঝুঁকিহ্রাস করার জন্য জরুরী সাড়াদান পরিকল্পনা প্রণযন করা দরকার। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.২] অনলাইনে দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ | [৩.২.১] চাহিদা নিরূপিত | দ্রুততম সময়ে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি ও চাহিদা ডিজিটাল পদ্ধতিতে নিরুপণের জন্য এ পদ্ধতি ব্যবহার করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] মাল্টি হ্যাজার্ড রিস্ক এ্যান্ড ভালনারেবিলিটি এসেসমেন্ট | [৩.৩.১] এসেসমেন্ট রিপোর্ট | দুযোগপ্রবণ এলাকার দুর্যোগ ঝুঁকি ও বিপদাপন্নতা নিরুপনের জন্য মাল্টি হ্যাজার্ড রিস্ক এন্ড ভারনারেবিলিটি এসেসমেন্ট প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৪] জেলার শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়া আয়োজন | [৩.৪.১] আয়োজিত মহড়া | জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | দুর্যোগ ঝুঁকিহ্রাস, পূর্ব প্রস্তুতি, পূর্বাভাস ও সতর্কীকরণ পদ্ধতি এবং দুর্যোগ পরবর্তী পুনুদ্ধার কার্যক্রমে এ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পেশাদারি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | উপকারভোগী | সময় মতো খাদ্য সরবরাহ নিশ্চিত করা | কর্মসূচিটি খাদ্য সহায়তামূলক | উন্নয়ন কার্যক্রম বিলম্বিত হওয়ার শঙ্কা আছে এবং খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কাসহ বিপদাপন্নতা বৃদ্ধি পেতে পারে। |
| বিভাগ | বিদ্যুৎ বিভাগ | সোলার প্যানেল | মানসম্মত সোলার প্যানেল প্রাপ্তি | সোলার প্যানেলের প্রাপ্যতা, গ্রহণযোগ্যতা ও স্থায়িত্ব নিশ্চিত করা। | জনগণের আস্থা অর্জন বিঘ্নিত হবার আশঙ্কা আছে। |
| মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো। | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার আশঙ্কা আছে এবং দুর্যোগ সচেতনতা কার্যক্রম বিঘ্নিত হতে পারে। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | আয়োজিত মহড়া | উপকূলীয় স্থানীয় জনগণের মহড়ায় অংশগ্রহণ নিশ্চিতকরণ | উপকূলীয় এলাকার জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | উপকূলীয় এলাকায় দুর্যোগ সচেতনতা ও ঝুঁকিহ্রাস কার্যক্রম বিঘ্নিত হতে পারে। |
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো। | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা ও আইন শৃঙ্খলা বজায় রাখা। | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়াসহ আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার আশঙ্কা আছে। |